

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.০২৯.২৩.২৬২

তারিখ: ২৩ চৈত্র ১৪২৯

০৬ এপ্রিল ২০২৩

বিষয়: রিট পিটিশন নং ১৪২৫/২০২৩ মোকদ্দমা সরকারপক্ষে পরিচালনা ও স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

সূত্র: হাইকোর্ট বিভাগ-এর রিট ১৪২৫/২০২৩ -এর ১৯/০২/২০২৩ তারিখের রুল ও আরজির কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মো: বদীয়তজামান (পি.আর.এল) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বদরগঞ্জ, উপজেলা রংপুর এর বেতন ভাতাদি বাবদ অতিরিক্ত গৃহিত অর্থ ২,৬১,৪২৫/৭৭ ( দুই লক্ষ একষট্টি হাজার চারশত পঁচিশ টাকা সত্তর পয়সা) আদায়ের বিষয়টিকে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগ-এর সচিব মহোদয়সহ মোট নয় জনকে প্রতিপক্ষ করে পিটিশনার জনাব মো: বদীয়ত জামান কর্তৃক বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান-এর ১০২ অনুচ্ছেদ মোতাবেক রিট পিটিশন নং ১৪২৫/২০২৩ রুজু করা হয়েছে। বিজ্ঞ আদালত তর্কিত বিষয়ে আদেশ গ্রহণের তারিখ হতে ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ দিয়েছেন। এ রিটের ৬নং প্রতিপক্ষ প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

০২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৪২৫/২০২৩ মোকদ্দমায় জবাব দাখিলের জন্য প্রয়োজনে সময়ের আবেদন দাখিলসহ সরকারপক্ষে মামলা পরিচালনা ও স্থগিতাদেশ Vacate করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা।

৬-৪-২০২৩

মাহবুবা আইরিন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০১৯৭

ইমেইল: Lglaw2@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২১.০৪.০২৯.২৩.২৬২/১(৪)

তারিখ: ২৩ চৈত্র ১৪২৯

০৬ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, পানি সরবরাহ অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



৬-৪-২০২৩

মাহবুবা আইরিন

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)